



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি অনুবিভাগ

বিধি-২ শাখা

www.mopa.gov.bd



স্মারক নম্বর: ১২.০০.০০০০.১৭১.০৪.০৩৩.২২.১৪৩

তারিখ: ১ ভাদ্র ১৪২৯

১৬ আগস্ট ২০২২

বিষয়: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের 'এসিসট্যান্ট ইঞ্জিনিয়ার' পদে পদোন্নতিযোগ্য ফিডার পদ 'রিসার্চ এসিসট্যান্ট' ও 'সাব- এসিসট্যান্ট ইঞ্জিনিয়ার' পদধারীদের মধ্যে জ্যেষ্ঠতা স্পষ্টীকরণের বিষয়ে মতামত।

সূত্র: ১২.০০.০০০০.০৬৩.৯৯.০০৯.১৭.১৭৮ তারিখ: ২০.০৬.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের 'এসিসট্যান্ট ইঞ্জিনিয়ার' পদে পদোন্নতিযোগ্য ফিডার পদ 'রিসার্চ এসিসট্যান্ট' ও 'সাব-এসিসট্যান্ট ইঞ্জিনিয়ার' পদধারীদের মধ্যে জ্যেষ্ঠতা স্পষ্টীকরণের বিষয়ে নির্দেশক্রমে নিম্নরূপ মতামত প্রদান করা হলো:

"এ.কে.এম মঞ্জুরুল হক 'রিসার্চ এসিসট্যান্ট' পদে ০৪.১০.২০০১ খ্রিঃ তারিখে যোগদান করেন এবং ০১.০৭.২০০৬ তারিখ হতে তাঁর চাকুরি নিয়মিতকরণ করা হয়। নিয়মিতকরণের সময় 'রিসার্চ এসিসট্যান্ট' পদটি সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত ছিল না। 'রিসার্চ এসিসট্যান্ট' পদটি ২৬.০৫.২০১৫ তারিখে "বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১১" এ অন্তর্ভুক্ত করা হয়। 'রিসার্চ এসিসট্যান্ট' পদটি নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত হওয়ার পূর্বে নিয়মিতকরণ করায় উক্ত নিয়মিতকরণ বিধিসম্মত হয় নি। অপরদিকে জনাব মাহফুজুর রহমান ২৩.০৬.২০০৯ খ্রিঃ তারিখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে 'সাব-এসিসট্যান্ট ইঞ্জিনিয়ার' পদে সরাসরি যোগদান করেন। জনাব মাহফুজুর রহমান এর জ্যেষ্ঠতা তার চাকুরিতে যোগদানের তারিখ হতে নির্ধারিত হবে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের 'এসিসট্যান্ট ইঞ্জিনিয়ার' পদে পদোন্নতির ক্ষেত্রে এ.কে.এম মঞ্জুরুল হক 'রিসার্চ এসিসট্যান্ট' এর উপর জনাব মাহফুজুর রহমান 'সাব-এসিসট্যান্ট ইঞ্জিনিয়ার' এর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।"



২১-৮-২০২২

মাহফুজা আকতার

উপসচিব

ফোন: ৯৫৪০১৯৮

সচিব, কৃষি মন্ত্রণালয়।

ইমেইল: reg2@mopa.gov.bd